

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

টেকনাফ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ

টেকনাফ, কক্সবাজার।

E-mail: tsc.teknaf21@gmail.com

E-mail: teknafsc@gov.bd



EIN: 139579

তারিখ: ৩০/০৪/২০২৩ইং

উপবৃত্তি নোটিশ

এতদ্বারা অত্র প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক জারীকৃত স্মারক নং ৫৭.০৩.০০০০.০১০.৪০.০০২.২২-১৫৫, তারিখ: ১৭/০৪/২০২৩ খ্রিঃ মোতাবেক টেকনাফ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ-এ উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা প্রদান উপলক্ষে শিক্ষার্থীদের ডাটা (Entry/Update) কার্যক্রম চলমান রয়েছে। ২০২৩ শিক্ষাবর্ষে অধ্যয়নরত অত্র প্রতিষ্ঠানের সকল শিক্ষার্থীদের 'শিক্ষার্থী আবেদন ফরম (SAF)' পূরণ করে ০৪/০৫/২০২৩খ্রি. তারিখের মধ্যে স্ব-স্ব শ্রেণি শিক্ষকের নিকট জমা দেওয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো। উক্ত সময়ের মধ্যে (Entry/Update) কার্যক্রমে অন্তর্ভুক্ত না হলে প্রতিষ্ঠান দায়ী থাকবে না।


- ক) যে সকল শিক্ষার্থী পূর্বে উপবৃত্তির জন্য আবেদন করেনি তারা আবেদন করতে পারবে। (নতুন আবেদনকারী)।
খ) যারা পূর্বে উপবৃত্তির জন্য আবেদন করেছে কিন্তু টাকা পায়নি তারাও আবেদন করতে পারবে। (পুরাতন আবেদনকারী)।
গ) যে সকল শিক্ষার্থী উপবৃত্তির টাকা পেয়েছে তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। তবে অফিসে যোগাযোগ করে তথ্য সংশোধন করতে হবে।
ঙ) উপবৃত্তি আবেদন ফরম অফিস কক্ষ থেকে সংগ্রহ করতে হবে।

শর্তাবলীঃ

- ১। উপবৃত্তির আবেদন ফরম (SAF) এর প্রত্যেক খালিঘর স্পষ্ট অক্ষরে যথাযথভাবে পূরণ করতে হবে।
(ভুল এবং কাটায়ুক্ত ফরম বাতিল বলে গণ্য হবে)।
- ২। অ্যাকাউন্টধারীর জাতীয় পরিচয়পত্রের নামের সাথে অ্যাকাউন্টের নামের মিল থাকতে হবে।
- ৩। একই অ্যাকাউন্ট নম্বর একাধিক ব্যক্তির সামাজিক নিরাপত্তা বেটনীর অর্থ প্রাপ্তির ক্ষেত্রে ব্যবহার করা যাবে না।
- ৪। মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস গেটওয়ে যেমন : নগদ, বিকাশ, রকেট, এম-ক্যাশ, ওকে ক্যাশ, ওকে-ওয়ালেট ইত্যাদি কর্তৃক অ্যাকাউন্ট নম্বর ব্লক আছে কিনা তা দেখতে হবে।
- ৫। যে সময় (EFT) এর মাধ্যমে অ্যাকাউন্ট-এ অর্থ বিতরণ করা হবে ঐ সময়ে অ্যাকাউন্ট কোন সমস্যা যাতে না থাকে তা নিশ্চিত করতে হবে।

বিঃদ্র: ভুল তথ্য প্রদানের কারণে বাতিল হলে প্রতিষ্ঠান দায়ী থাকবে না।

সংযুক্তি: উপবৃত্তির আবেদন ফরম (SAF)


(প্রকৌশলী মোঃ আনোয়ার হোসেন)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
টেকনাফ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ,
টেকনাফ, কক্সবাজার।